



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

(আবাসিক/অনাবাসিক)

লালমাটিয়া, ঢাকা-১২০৭

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০

কলেজ কোড : ১৪২৬, EIIN নম্বর : ১০৮২৫১

একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২১-২০২২

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ এবং মডেল কলেজ হিসেবে নির্বাচিত লালমাটিয়া মহিলা কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তির জন্য আগামী ০৮/০১/২০২২ থেকে ১৫/০১/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কলেজ অভ্যন্তরে অনলাইনে আবেদন করার সু-ব্যবস্থা রয়েছে।

আবেদনের যোগ্যতা :

২০১৯, ২০২০ ও ২০২১ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম নিম্নরূপ জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

বিভাগ	ভার্সন	আসন সংখ্যা	ন্যূনতম জিপিএ
বিজ্ঞান	বাংলা	৩০০	৪.৫০
ব্যবসায় শিক্ষা	বাংলা	১৫০	৩.৫০
মানবিক	বাংলা	২০০	৩.০০


ভর্তির বিস্তারিত তথ্য ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট www.dhakaeducationboard.gov.bd এবং কলেজের ওয়েব সাইট www.lalmatiyamohilacollege.edu.bd ও কলেজ অফিস থেকে জানা যাবে। অনলাইনে আবেদন করার ওয়েব সাইট www.xiclassadmission.gov.bd

ভর্তির ফলাফল ৩টি পর্যায়ে বোর্ড কর্তৃক প্রক্রিয়াকরণ হবে। একজন শিক্ষার্থী তার মেধা ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচিত হবে। নির্বাচিত শিক্ষার্থীকে নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২২৮/- (দুইশত আটশ) টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চয়ন করতে হবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুই বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে, এক্ষেত্রে মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে হবে।

ভর্তির তারিখ : ১৯/০২/২০২২ (শনিবার) থেকে ২৪/০২/২০২২ খ্রি: তারিখ (বৃহস্পতিবার) পর্যন্ত।

☐ উচ্চ মাধ্যমিক শ্রেণিতে প্রতি বছর প্রায় শতভাগ পাশের হার অর্জনকারী এ কলেজের বিশেষ বৈশিষ্ট্য : মাল্টিমিডিয়া পদ্ধতিতে পাঠদান, অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম, প্রতি ১০-১২ জন শিক্ষার্থীর জন্য একজন গাইড শিক্ষক, ১১০০ আসন বিশিষ্ট নিরাপদ ও স্বল্প ব্যয়ে আবাসিক সুবিধা, আধুনিক গবেষণাগার, স্বাস্থ্যসম্মত ক্যান্টিন, জিমনেসিয়াম, অত্যাধুনিক অডিটোরিয়াম, প্রশস্ত খেলার মাঠ, দেশী-বিদেশী বই সমৃদ্ধ আধুনিক লাইব্রেরি।

☐ সুবিধাসমূহ: শিক্ষার্থীদের ইংরেজি, আইসিটি, সফটওয়্যারসহ বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক বিষয়ে ফ্রি প্রশিক্ষণ প্রদান করা হয়। বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, রেঞ্জার ক্লাব, রোভার ক্লাব, বিতর্ক প্রতিযোগিতাসহ সকল সহশিক্ষা কার্যক্রমের বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীদের মেধাবী হিসেবে চিহ্নিত করে বিনা বেতন ও অর্থ বেতনে লেখাপড়ার সুযোগ, স্টুডেন্ট ওয়েল ফেয়ার কর্গারে পার্ট টাইম কর্মসংস্থানের সুযোগ প্রদান।


অধ্যক্ষ ০৮/০১/২০২২

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭